



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

(সবজি বীজ বিভাগ)

(ই-মেইল :jdvegbadc@gmail.com)

স্মারক নং-১২.০৬.০০০০.২৮১.৩৭.০৪৬.২৫.২৬২

তারিখঃ ০৮ অক্টোবর ২০২৫।

বরাবর

উপপরিচালক (ক:গ্রো:),

বিএডিসি, ফরিদপুর/পাবনা।

বিষয়: ২০২৫-২৬ উৎপাদন বর্ষে ফরিদপুর ও পাবনা ক.গ্রো. জোনের মাধ্যমে মানঘোষিত শ্রেণির শীতকালীন পেঁয়াজ বীজ এর উৎপাদন কর্মসূচি।

সবজি বীজ বিভাগের মাধ্যমে ২০২৫-২৬ উৎপাদন বর্ষে ফরিদপুর ও পাবনা ক.গ্রো. জোনের ৮০.০০ একর জমিতে ২০.০০০ মে.টন মানঘোষিত শ্রেণির শীতকালীন পেঁয়াজ বীজের উৎপাদন কর্মসূচি এতদ্বারা জারি করা হলো। শীতকালীন পেঁয়াজ বীজের উৎপাদন কার্যক্রমের বিস্তারিত বিবরণ 'পরিশিষ্ট-ক' তে দেয়া হলো।


সংশ্লিষ্ট অফিস প্রধানকে স্ব-স্ব ক:গ্রো: জোনের উৎপাদন কার্যক্রম সার্বিকভাবে বাস্তবায়নের নিমিত্ত নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করতে হবে।

- ১। বপন মৌসুমের শুরুতে পেঁয়াজ বাব বীজ হিমাগার ফরিদপুর থেকে প্রয়োজনীয় পেঁয়াজ বাব বীজ সংগ্রহ নিশ্চিত করবেন।
- ২। বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়নে মসলা গবেষণা কেন্দ্রের উৎপাদন প্রযুক্তি অনুসরণ করবেন।
- ৩। বীজ উৎপাদনের জন্য পূর্বের কম উৎপাদনশীল জমি বাদ দিয়ে অধিক উৎপাদনশীল জমি ও প্রগতিশীল চাষির সমন্বয়ে স্কিম তৈরি করতে হবে।
- ৪। মানঘোষিত বীজ উৎপাদনের লক্ষ্যে যথাসময়ে নির্বাচিত স্কিমের চাষিদের জমি তৈরি, জৈব ও রাসায়নিক সার ব্যবহার, সময়মত বীজ বপন এবং অন্যান্য আন্তপরিচর্যা করার বিষয়ে সংশ্লিষ্ট উপপরিচালকগণ মাঠ পরিদর্শনকালে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।
- ৫। স্কিম অনুমোদনের পর বীজ উৎপাদন পরিকল্পনা, বীজ বপন, মাঠ পরিদর্শন (১ম, ২য়, ৩য়), বীজ ফসল সংগ্রহের সম্ভাব্য তারিখ যুগ্মপরিচালক (সবজি বীজ), বিএডিসি, ঢাকা কে অবহিত করবেন।
- ৬। সংস্থা থেকে সরবরাহকৃত পেঁয়াজ বাব বীজ চুক্তিবদ্ধ চাষিদের নিকট সরবরাহের সাথে সাথে তার মূল্য চাষিদের নিকট হতে আদায় করে সংস্থার খাতে জমাদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৭। সংশ্লিষ্ট জোনের উপপরিচালকগণ তাদের বীজ ফসলের অঙ্গজ বৃদ্ধির বিভিন্ন পর্যায়ে ও বীজ সংগ্রহের পূর্বে সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে মাঠ পরিদর্শনের মাধ্যমে মাঠমান নিশ্চিত করবেন এবং সম্ভাব্য বীজ প্রাপ্তির পরিমাণ যথাসময়ে যুগ্মপরিচালক (সবজি বীজ), বিএডিসি, ঢাকা এর নিকট প্রেরণ করবেন।
- ৮। পেঁয়াজ বীজ সংগ্রহের পর যথাযথ পরিচর্যা ও নিরাপদ আর্দ্রতায় আনয়নপূর্বক বীজের 'বীজমান' নিশ্চিত করবেন। বীজমান অনুযায়ী সংরক্ষিত পেঁয়াজ বীজ সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, মিরপুর, ঢাকায় প্রেরণ করবেন। প্রেরিত বীজের নমুনা নিজ দপ্তরে সংরক্ষণ করবেন যেন পরবর্তীতে বীজের গুণগতমান বিষয়ে আপত্তি উত্থাপিত হলে যথাযথ ব্যবস্থা নেয়া যায়।

৯। যুগ্মপরিচালক (সবজি বীজ) এর সার্বিক তত্ত্বাবধানে সামগ্রিক কার্যক্রম বাস্তবায়িত হবে।

১০। সংশ্লিষ্ট সকলকে নিষ্ঠার সাথে পৈয়াজ বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে, পৈয়াজ বীজ উৎপাদন কার্যক্রমের বিস্তারিত বিবরণ 'পরিশিষ্ট-ক'-১ কপি।

  
(মো. আবীর হোসেন)  
মহাব্যবস্থাপক (বীজ)  
বিএডিসি, ঢাকা।

অনুলিপি (কার্যার্থে):

১। উপপরিচালক (ডাল ও তৈল বীজ), ডাল ও তৈলবীজ খামার, বিএডিসি, ফরিদপুর। (উৎপাদন কর্মসূচি অনুযায়ী পৈয়াজ বাব্ব বীজ সরবরাহের ব্যবস্থা নিবেন)।


২। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৩। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বিএডিসি, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা।

২। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

  
০৬.০৬.২০২৩

(মেহবাহউদ্দিন আহমেদ)  
যুগ্ম পরিচালক (সবজি বীজ)  
সবজি বীজ বিভাগ  
বিএডিসি, ঢাকা।


ফোন: ২২২৩৩৮৫১০৯


ই-মেইল : jdvegbadc@gmail.com


পরিশিষ্ট 'ক'

২০২৫-২৬ উৎপাদন বর্ষে মানঘোষিত শ্রেণির শীতকালীন পেঁয়াজ বীজের উৎপাদন কর্মসূচি

উৎপাদনকারী ক:গ্রো: জোন/খামার/কেন্দ্র এর নাম	ফসলের নাম	জাতের নাম	বীজ উৎপাদনে প্রয়োজনীয় পেঁয়াজ বাল্ব বীজের পরিমাণ (মে.টন)	আবাদকৃত জমি (একর)	বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (মে.টন)	বীজ প্রাপ্তির উৎস
ফরিদপুর ক:গ্রো: জোন	পেঁয়াজ বীজ	বারি পেঁয়াজ-১	২৪.৮৪৩	৩৮.২২	৯.৫৫৫	পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার, বিএডিসি, ডোমরাকান্দি ফরিদপুর
		বারি পেঁয়াজ-৪	১২.০০০	১০.০০	২.৫০০	
		বারি পেঁয়াজ-৬	১.৭৮৫	১.৭৮	০.৪৪৫	
পাবনা ক:গ্রো: জোন	পেঁয়াজ বীজ	বারি পেঁয়াজ-১	১৬.২৫০	২৫.০০	৬.২৫০	
		বারি পেঁয়াজ-৪	৬.০০০	৫.০০	১.২৫০	
মোট পেঁয়াজ বীজ			৬০.৮৭৮	৮০.০০	২০.০০০	

  
(মীর সাদিদা আক্তার সীমা)  
সি:সহকারী পরিচালক (সবজি বীজ)  
বিএডিসি, ঢাকা

  
(মেহবুছউদ্দিন আহমেদ)  
যুগ্মপরিচালক (সবজি বীজ)  
বিএডিসি, ঢাকা

  
(মো. আবীর হোসেন)  
মহাব্যবস্থাপক (বীজ)  
বিএডিসি, ঢাকা।